গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মো ঃ আফতাব উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ:১১-০৭-২০২৪ সময় : ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।

উপজেলা পরিষদের অনুমোদিত বিভাগীয় কমিটি সমূহের তালিকা পরিশিষ্ট "খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলার ৬ষ্ঠ উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সকলকে শুভেচ্ছা জানিয়ে নির্ধারিত আলোচ্য সূচির উপর সভার কার্যক্রম শুরু করেন

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত:বিগত সভার কার্য বিবরণীতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ় করণ করা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা পরিষদের কমিটির সভা নিয়মিত করণ ; | সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদান করার নিমিত্ত ১৭ টি বিভাগীয় কমিটির সমূহের সভাপতি ও সদস্য সচিব নিয়মিত কমিটির সভা করার জন্য সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্ত: ১। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ২৯ ধারা অনুসারে উপজেলা পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদন করার নিমিত্ত ১৭ টি বিভাগীয় সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব সভা করার জন্য কমিটির সকলকে অনুরোধ করা হয়। | সভাপতি/ সদস্য সচিব উপজেলা কমিটি, তাহিরপুর |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃবিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সর্বাধুনিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সর্বদা সচেষ্ট রয়েছে। সার্বিকভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল ধরনের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত সেবাদান, কমিনিউনিটি ক্লিনিকে নিয়মিত সেবাদান কার্যক্রম মাঠ কর্মীদের মধ্যে বেগবান করা হয়েছে। বন্যাকালীন সময়ে মেডিকেল টিম গঠন করা হয়েছে। তাদেও মাধ্যমে বিভিন্ন রখমের সেবা প্রদান করা হয়েছে। | সিদ্ধান্ত: ১। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিভাগীয় সংশ্লিষ্ট বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। দূর্যোগ মোকাবেলায় মেডিকেল টিম নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ প কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর কর্তৃক প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। আমন ধান বৃদ্ধির জন্য ৬৫০ জন কৃষকের মধ্যে ৫ কেজি ধানের বীজ ও ২০ কেজি সার বিতরণ করা হয়। মাঠ পর্যায়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত উপজেলা অফিস হতে কৃষকদেরকে পরামর্শ প্রদান করা হয়। | সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে চলমান ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শণ চলমান রাখা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর এর সভায় জানান যে, প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা সহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। বন্যার সময় ০২ টি ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা এবং খামারীদের গবাদি পশু ও হাঁসমুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৬ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জুন/২০২৪ মাসে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণের লক্ষ্যে ০২ টি অভিযান পরিচালনা করা হয়। এতে ০৪ টি কোনা জাল জব্দ করা হয় এবং পুড়িয়ে ফেরা হয়। হাওরের অঞ্চলে মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে অভিযান চলমান থাকবে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণের লক্ষ্যে হাওরের অঞ্চলে মৎস্য সম্পদ বৃদ্ধির জন্য অভিযান চলমান রাখার জন্য উপজেরা মৎস্য অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৭ | **শিক্ষা বিভাগ** | উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। শিক্ষার মান উন্নয়নের জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর জানান সকল জনপ্রতিনিধি সরকারী সকল কর্মকর্তা নিয়মিত প্রাথমিক বিদ্যালয় মনিটরিং করার জন্য প্রস্তাব করেন। তাছাড়া উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুরকে নিয়মিত প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করার করে পরিদর্শনের প্রতিবেদন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ০১।** বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত পরিদর্শণ করে পরিদর্শণের প্রতিবেদন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর |
| ০৮ | **প্রকৌশলী বিভাগ** | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রথম কিস্তি আগামী মাসে পাওয়া যাবে বলে ধারণা করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরে স্কিমের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরকারী বিভাগীয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলকে উপজেলা প্রকৌশলী অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তিনি আরও জানান তাহিরপুর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি ইস্টিমেট মোতাবেক ১৬,৭৬,০০০/-( ষোল লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা ব্যয়ে আধুনিকায়ন ও সংস্কার ও মেরামত করা হয়। উক্ত বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। ইস্টিমেট মোতাবেক ৪,৫০,০০০/- ( চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ফার্নিচার ক্রয় ও সংস্কার ও মেরামত করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে উপজেলা ২০২৪-২০২৫ অর্থ বছরে স্কিমের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরকারী বিভাগীয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলকে উপজেলা প্রকৌশলী অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটির আধুনিকায়ন ও সংস্কার ও মেরামতের ব্যয় বিল বাবদ মোট ইস্টিমেট মোতাবেক ১৬,৭৬,০০০/- ( ষোল লক্ষ ছিয়াত্তর) টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ফার্নিচার ক্রয় ও সংস্কার ও মেরামতের ব্যয় বিল ইস্টিমেট মোতাবেক মোট ৪,৫০,০০০/- ( চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ইউনিয়ন পর্যায়ে সিসি ক্লিনিক FWC নিয়মিত ভাবে সেবা কার্যক্রম চালমান আছে। তাহিরপুর সদর ক্লিনিকে নিয়মিত প্রসূতিসেবা এবং ডেলিভারী করা হচ্ছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম সসুষ্ঠুভাবে চলছে। বিশ্ব জনসংখ্যা দিবস ২০২৪ সরকারের সিদ্ধান্ত মোতোবেক উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে ০৯জুলাই হতে ১১ জুলাই/২০২৪ পর্যন্ত কার্যক্রম বাস্তবায়িত হবে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে পরবর্তী সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সমএর্ক কিছু জানা যায়নি। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেরা সমাজসেবা অফিসার, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর |
| ১১ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেরা মাধ্যমিক অফিসার, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১২ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরেও কার্যকর সমবায় সমিতির সংখ্যা ১২৭( একশত সাতাশ) টি ও অকার্যবর সমিতির সংখ্যা ০৪ ( চার) টি। সমিতির অডিট প্রতিবেদনের নীট লাভের আলোকে ধার্যকৃত অডিট ফি ৪৭,৭৯০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ১৪,৪৪২/- আদায়কৃত অডিট ফি ৩৩,৫৫০/- টাকা, ও সমবায় উন্নয়ন তহবিল ১০,০৪৬/- টাকা। আদায়কারী অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিলের টাকা আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে পরবর্তী সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালনের জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আত্নকর্মসংস্থান কর্মসূচির আদায় যোগ্য ৩৩,৮৩০/- টাকা, আদায়ের হার ৯৫%, কিস্তি খেলাপী আদায় ২৩০/- টাকা। মেয়াধ উর্ত্তীন খেলাপী আদায় ৮৯৫০/-। ক্রম পুঞ্জিত আদায়ের হার ৬২%। চলমান মাসে ০৯ ( নয়) জন প্রশিক্ষিত যুব পুরুষ/যুব মহিলাদের ৪০,০০০/- টাকা হতে ৩,৬০,০০০/- টাকা বিতরণ করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য এবং ঋণ আদায়ে দ্রুত নোটিশ করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থি থাকার জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৫ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান জানান ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টিআর কাবিখা/কাবিটা এর কাজের মেয়াদ ২০ শে জুন /২০২৪ শেষ হয়েছে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়. |
| --- | --- | --- | --- | --- |
| ১৬ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, তাহিরপুর, |
| ১৭ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর এর পদ শন্য থাকায় তার দপ্তরের কোন প্রকার কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃবিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য দায়িত্ব প্রাপ্ত অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর। |
| ১৮ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বিগত ২১-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচণে ৫৩ টি ভোট কেন্দ্রে ৭৯১ জন আনসার ভিডিপি সদস্যও মোবাইল টিমের ২০ জনসহ সর্বমোট ৮১১ জন যথাযথ ভাবে দায়িত্ব পালন করেন। তাদের ভাতাদি ০৮-০৭-২০২৪ তারিখে পরিশোধ করা যায়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে জেলা কমান্ড্যান্ট অধিদপ্তর সহিত যোগাযোগ করে বরাদ্দ আসা মাত্রই তাদের বরাদ্দ বিধি মোতাবেক পরিশোধ করার জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি, তাহিরপুর |
| ১৯ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তাহিরপুর উপজেলায় সমিতি হতে মোট ২১ লক্ষ টাকার সঞ্চয় সংগ্রহ করা হয়েছে। মোট ঋণ বিতরণ করা হয় ৬১০.০০ লক্ষ টাকা,ঋণ আদায় করা হয় ৫৯৫.০০ লক্ষ টাকা। লাভ ৭২.৫৯ লক্ষ টাকা, মোট খরচ হয় ৬৭.৫১ লক্ষ টাকা। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ২০ | বিট কর্মকর্তা | উপজেলা বিট অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আর্থিক বছরে কোন বাজেট না থাকায় এ অর্থবছরে কোন বনায়ন করা হয়নি। সর্ব শেষ ২০২১-২০২২ অর্থ বছরে ৫০.০ হেক্টর বনায়ন ছিল। এ বনায়ন টি টাংগুয়ার হাওরে থাকায় নিয়মিত স্টাসহ মনিটরিং করে থাকি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিট অফিসারকে তাহিরপুর উপজেলার সংশ্লিষ্ট কার্যক্রম /মাসিক প্রতিবেদন উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ২১ | লজিক প্রকল্প সংক্রান্ত ; | উপজেলা ফ্যাসিলিটেটর লজিক তাহিরপুর কর্তৃক সভায় জানান ২০২২-২০২৩ অর্থবছরে ২টি প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্পের শত ভাগ কাজ সমাপ্ত করা হয়। তাই উক্ত কাজের বিল পরিশোধ করা হয়েছে। অন্য প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয়। দ্রুত মনিটরিং রিপেটি করে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবরে পেশকরার জন্য জন্য আলোচনা করা হয়। তাহিরপুর উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অথ বছরের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের লজিক প্রকল্পে অধিনে একটি মূল্যায়ন টিম আসবে টিমকে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে লজিক প্রকল্প তাহিরপুর কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ২টি প্রকল্পের মধ্যে অসম্পন্ন প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয়। দ্রুত মনিটরিং রিপেটি করে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবরে পেশকরার জন্য জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ০২। তাহিরপুর উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অথ বছরের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের লজিক প্রকল্পের অধিনে মূল্যায়ন টিমকে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা। | |
| ২২ | বিদ্যুৎ লাইন সংস্কার ও মেরামতের বিল পরিশোধ প্রসঙ্গে। | জনাব বিশ্বজিৎ সরকার, পিতা- হরেন্দ্র মলাকার, সাং-ঠাকুর হাঠি, ইউনিয়ন- তাহিরপুর সদর তারিখে কর্তৃক ০৮-০৭-২০২৪ তারিখ উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিসের বিদ্যুৎ লাইন, নিরাপত্তা জনিত সিসি ক্যামেরা ও উপজেলা পরিষদের বিদ্যুৎ রোড লাইন সংস্কার ও মেরামত বাবত ১৩,২৫০/- ( তের হাজার দুইশত পঞ্চাশ) টাকার ব্যয় ভাউচারসহ একটি আবেদন দাখিল করেন। ব্যয় ভাউচার নিয়ে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় বিদ্যুৎ লাইন সংস্কার ও মেরামতের ১৩,২৫০/-(তের হাজার দুইশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জনাব বিশ্বজিৎ সরকারের নামে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা পরিষদের নতুন একটি স্ক্যানার ক্রয় ও কম্পিউটার মনিটর সংস্কার মেরামতের ব্যয় বিল পরিশোধ | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান উপজেলা পরিষদ অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য নতুন একটি স্ক্যানার ক্রয় ও মনিটর সংস্কার ও মেরামতের ব্যয় বিল বাবদ জনাব মো ঃ জহিরুল হক, সি.এ, উপজেলা পরিষদ, তাহিরপুর কর্তৃক ১০-০৭-২০২৪ তারিখে একটি আবেদন সহ মোট ১৪,০০০/- ( চৌদ্দ হাজার) টাকার ব্যয় ভাউচার দাখিল করেন। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় ১৪,০০০/- ( চৌদ্দ হাজার) টাকার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জনাব মো ঃ জহুিল হকের নামে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২৪ | উপজেলা সম্মেলন কক্ষের পুরাতন কাঠের চেয়ার ও টেবিল বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ সংক্রান্ত; | তাহিরপুর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি আধুনিকায়ন করার ফলে পুরাতন কাঠের চেয়ার ও টেবিল তাহিরপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের জন্য সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের সম্মেলনকক্ষটি আধুনিকায়ন করার ফলে পুরাতন কাঠের চেয়ার ও টেবিল তাহিরপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের মাধ্যমে যথাযথ ভাবে বিতরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনানা থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মো ঃ আফতাব উদ্দিন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪- ০৩ (৫) তারিখঃ ১১ জুলাই ২০২৪

সদয়অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণকরাহলো (জ্যেষ্ঠতারভিত্তিতেনয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকারবিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৯।.........................................................................................(জেলা পর্যায়ের ও সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১০। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। উপজেলা..............................................কমর্কর্তা (সংশ্লিষ্টসকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ..........................................ইউনিয়নপরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩। অফিসনথি/ মাস্টারফাইল।

১১.০৭.২৪

সালমা পারভীন
উপজেলা নিবাহী অফিসার
ও
মুখ্য নিবাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: জনাব আখতার উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ তাহিরপুর ১১/০৭/২০২৪ মাসের আইনশৃঙ্খলা সভা নং-০২, সময়: ১২:০০ ঘটিকা, স্থান: উ: পরিষদ সম্মেলন কক্ষ।

| ক্র. | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১ | জনাব মোঃ আখতার উদ্দিন | চেয়ারম্যান উপজেলা পরিষদ তাহিরপুর। | |
| ০২ | জনাব [illegible] | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর | |
| ০৩ | জনাব [illegible] | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ তাহিরপুর। | |
| ০৪ | জনাব আইরিন | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০৫ | নূর আলী | চেয়ারম্যান শ্রীপুর, উত্তর | [signature] |
| ০৬ | আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান শ্রীপুর দঃ ইউপি | [signature] |
| ০৭ | মো: বাবুল মিয়া | প্যানেল চেয়ারম্যান বালিজুরী | [signature] |
| ০৮ | আশিকুল ইসলাম | প্যানেল চেয়ারম্যান বড়দল উঃ | [signature] |
| ০৯ | মো: [illegible] | [illegible] | [signature] |
| ১০ | মো: আবির উল্লাহ খান | ঐ | [signature] |

| ক্র. নং | প্রশিক্ষণার্থীর নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | ডা: নিজাম উদ্দিন আহমেদ | UHC, Tahirpur Sunamganj | [signature] |
| ১২ | ড. আমির আহমদ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | [signature] |
| ১৩ | মো: ইউনুস আলী | উপজেলা মৎস্য অফিসার | [signature] |
| ১৪ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৫ | রবিবালা চন্দ্র সাহা | উপজেলা যুব উন্নয়ন অফিসার | [signature] |
| ১৬ | মো: মাহমুদুল হাসান | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| ১৭ | মো: হাবিবুল্লাহ তারেক | উপজেলা নির্বাচন ও বিভিন্ন প্রতিনিধি | [signature] |
| ১৮ | আশরাফুল ইসলাম | উপসহকারী প্রকৌশলী | [signature] |
| ১৯ | হোসাইন আহমদ বিশ্বাস | উদ্যোক্তা ইউডিসি [illegible] | [signature] |
| ২০ | [illegible] | [illegible] | [signature] |

| | | | |
|---|---|---|---|
| ২১ | মো: তরিকুল ইসলাম | উপজেলা বিআরডিবি কর্মকর্তা তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ২২ | মো: আব্দুল আউয়াল মিয়া | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ২৩ | অলি আহমদ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | [signature] |
| ২৪ | মো: মুজাহিদুল ইসলাম | উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর | [signature] |
| ২৫ | মো: ইউসুফ মিয়া | চেয়ারম্যান [illegible] | [signature] |